কর্মসংস্থান ব্যাংক
(রাষ্ট্রমালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)
ঋণ ও অগ্রিম বিভাগ
e-mail : lad@kb.gov.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি।

ঋণ পরিপত্র নম্বর-০১/২০২৩ তারিখ : ০৭ ফেব্রুয়ারি ২০২৩

**বিষয়: সাপোর্টিং পোস্ট কোভিড-১৯ স্মল স্কেল এমপ্লয়মেন্ট ক্রিয়েশন প্রজেক্ট (SPCSSECP)-এর আওতায় ঋণ বিতরণ নীতিমালা।**

Asian Development Bank (ADB) হতে Supporting Post COVID-19 Small Scale Employment Creation Project (SPCSSECP)-এর আওতায় Cottage, Micro and Small Enterprises (CMSEs) খাতে প্রশিক্ষণপ্রাপ্ত Unemployed or Underemployed Youth এবং Rural Entrepreneur-দের মধ্যে ঋণ সুবিধা প্রদানের লক্ষ্যে **"সাপোর্টিং পোস্ট কোভিড-১৯ স্মল স্কেল এমপ্লয়মেন্ট ক্রিয়েশন প্রজেক্ট (SPCSSECP)"**-এর ঋণ নীতিমালা কর্মসংস্থান ব্যাংক পরিচালনা বোর্ডের ২৫ জানুয়ারি ২০২৩ তারিখে অনুষ্ঠিত ৩২৪তম সভায় অনুমোদিত হয়। উক্ত কর্মসূচি বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ ও পরিপালন করার জন্য অনুরোধ করা হলো:

টার্গেট গ্রুপ :

বেকার যুব ও যুব মহিলা: সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণপ্রাপ্ত ১৮-৪৫ বছর বয়সী বেকার/অর্ধবেকার যুব ও যুব মহিলা।

গ্রামীণ উদ্যোক্তা : ঢাকা এবং চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার বাইরে বসবাসকারী গ্রামীণ উদ্যোক্তা।

০১. কর্মসূচির নাম : **সাপোর্টিং পোস্ট কোভিড-১৯ স্মল স্কেল এমপ্লয়মেন্ট ক্রিয়েশন প্রজেক্ট (SPCSSECP)।**

০২. ঋণের উদ্দেশ্য : বেকার যুব ও যুব মহিলা এবং গ্রামীণ উদ্যোক্তা বিশেষত নারী উদ্যোক্তাদের দ্বারা পরিচালিত কটেজ, মাইক্রো ও স্মল এন্টারপ্রাইজ (CMSEs) সমূহে আর্থিক সহায়তা প্রদানের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও আয় উৎসারী কর্মকান্ডের মাধ্যমে অর্থনৈতিক কার্যক্রম পুনরুদ্ধার ও গতিশীলকরণ।

০৩. ঋণপ্রাপ্তির যোগ্যতা :
- (ক) বাংলাদেশের নাগরিক হতে হবে;
- (খ) শাখার অধিক্ষেত্রের স্থায়ী বাসিন্দা হতে হবে। স্থায়ী বাসিন্দা না হলে শাখার অধিক্ষেত্রের একজন স্থায়ী বাসিন্দাকে ঋণের গ্যারান্টর হতে হবে;
- (গ) আবেদনকারীকে বেকার/অর্ধবেকার হতে হবে;
- (ঘ) বয়স - ১৮ থেকে ৪৫ বছর হতে হবে;
- (ঙ) প্রকল্প/প্রতিষ্ঠান পরিচালনার যোগ্যতা থাকতে হবে;
- (চ) প্রকল্প/প্রতিষ্ঠান পরিচালনার বিষয়ে প্রশিক্ষণ থাকতে হবে;
- (ছ) অন্য কোনো ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান অথবা বেসরকারি প্রতিষ্ঠান (এনজিও)-এর ঋণখেলাপি এ কর্মসূচির আওতায় ঋণ প্রাপ্তির যোগ্য বিবেচিত হবেন না;
- (জ) ঋণগ্রহীতা ও গ্যারান্টরের জাতীয় পরিচয়পত্র দাখিল করতে হবে এবং দাখিলকৃত জাতীয় পরিচয়পত্রের সঠিকতা সম্পর্কে নিশ্চিত হতে হবে। যদি তাদের অনুকূলে জাতীয় পরিচয়পত্র ইস্যু করা না হয়ে থাকে সে ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ/নাগরিকত্ব সনদপত্র অথবা পাসপোর্টের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;
- (ঝ) প্রকল্প ব্যয়ের ন্যূনতম ২০% উদ্যোক্তাকে বহন করতে হবে (প্রকল্প ব্যয়ের সর্বোচ্চ ৮০% পর্যন্ত ব্যাংক অর্থায়ন করবে);
- (ঞ) ঋণগ্রহীতাকে আর্থিকভাবে সক্ষম হতে হবে এবং প্রয়োজনীয় ব্যবসায়িক পরিকল্পনা দাখিল করতে হবে;
- (ট) এ ব্যাংক থেকে ইতঃপূর্বে সুদ মওকুফ সুবিধা গ্রহণকারী ঋণগ্রহীতাগণ এ কর্মসূচির আওতায় ঋণ প্রাপ্তির যোগ্য বিবেচিত হবেন না;
- (ঠ) প্রকল্পটি পরিবেশবান্ধব হতে হবে ;
- (ড) যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্তদের অগ্রাধিকার প্রদান করতে হবে।

০৪. ঋণের গ্যারান্টর :
- (ক) ঋণ পরিশোধে সক্ষম আবেদনকারীর পিতা/মাতা/ভাই/বোন/স্বামী/স্ত্রী/নিকটাত্মীয়সহ ঋণ পরিশোধে সক্ষম এমন ব্যক্তি যিনি প্রকল্প এলাকায় স্থায়ীভাবে বসবাস করেন এবং প্রকল্প এলাকায় যার বাড়ি-ঘর/জমি-জমা আছে তিনি গ্যারান্টর হতে পারবেন;

চলমান পাতা-০২

**বিষয়: সাপোর্টিং পোস্ট কোভিড-১৯ স্মল স্কেল এমপ্লয়মেন্ট ক্রিয়েশন প্রজেক্ট (SPCSSECP)-এর আওতায় ঋণ বিতরণ নীতিমালা।**

(খ) একজন গ্যারান্টর সর্বোচ্চ ০২ (দুই) জন ঋণগ্রহীতার/একটি গ্রুপের গ্যারান্টর হতে পারবেন;

(গ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তি নিজস্ব প্রতিষ্ঠানের নিয়ম অনুসরণ সাপেক্ষে গ্যারান্টর হতে পারবেন;

(ঘ) কোনো নির্দিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা ঐ জেলার আওতাধীন যে কোনো শাখার উদ্যোক্তার ঋণের বিপরীতে গ্যারান্টি প্রদান করতে পারবেন। **ঢাকা, নারায়ণগঞ্জ এবং গাজীপুর** জেলার আওতাধীন যেকোনো স্থায়ী বাসিন্দা এই তিন জেলায় অবস্থিত যে কোনো শাখার উদ্যোক্তার ঋণের বিপরীতে গ্যারান্টি প্রদান করতে পারবেন। এক্ষেত্রে স্থায়ী ঠিকানা যে শাখার আওতাধীন থাকবে ঐ শাখার সঙ্গে ঋণ বিতরণকারী শাখাকে যোগাযোগ করে গ্যারান্টরের স্থায়ী ঠিকানা সম্পর্কে নিশ্চিত হতে হবে।

| | | | |
|---|---|---|---|
| ০৫. | গ্যারান্টরের যোগ্যতা (জামানতবিহীন) | : | ঋণ পরিশোধে সক্ষম ব্যক্তি ঋণের গ্যারান্টর হতে পারবেন। সক্ষমতা যাচাইয়ের প্রমাণপত্র হিসেবে জমির দলিলপত্রের (এস.এ খতিয়ান/আর.এস খতিয়ান/বি.এস খতিয়ান/সিটি জরিপ এর মালিকানা ও দখলস্বত্ব নিশ্চিতকরণ এবং প্রযোজ্য ক্ষেত্রে মিউটেশনের কপিসহ) সত্যায়িত ফটোকপি/TIN সার্টিফিকেট/চাকরিজীবী গ্যারান্টরের প্রত্যয়নপত্র/ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট ইত্যাদি দাখিল করতে হবে। |
| ০৬. | আবেদনকারী/ গ্যারান্টরের স্থায়ী ঠিকানা | : | নিজ নামে অথবা পিতা/মাতা/স্বামী/স্ত্রীর নামে যে এলাকায় বাড়ি থাকবে তাকে সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হিসেবে গণ্য করা হবে। |
| ০৭. | ঋণের খাত | : | দেশের আর্থসামাজিক উন্নয়নে সম্পৃক্ত Cottage, Micro and Small Enterprises (CMSEs) খাত। |
| ০৮. | তহবিলের উৎস | : | এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক। |
| ০৯. | ঋণসীমা | : | সর্বোচ্চ ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা। |
| ১০. | গ্রেস পিরিয়ড | : | সর্বোচ্চ ০৬ (ছয়) মাস। |
| ১১. | ঋণের মেয়াদ | : | (ক) স্বল্প মেয়াদি-০১ (এক) বছর (বছরান্তে এককালীন পরিশোধযোগ্য) ;<br>(খ) মধ্যম মেয়াদি-০১ (এক) বছরের উর্ধ্বে সর্বোচ্চ-০৩ (তিন) বছর ;<br>(গ) দীর্ঘ মেয়াদি-০৩ (তিন) বছরের উর্ধ্বে সর্বোচ্চ-০৫ (পাঁচ) বছর। |
| ১২. | সার্ভিস চার্জ | : | ঋণ বিতরণকালে বিতরণযোগ্য ঋণের ০.৫০% সার্ভিস চার্জ নগদে গ্রহণ করতে হবে। তবে উক্ত সার্ভিস চার্জের পরিমাণ সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকা হবে ; |
| ১৩. | সুদের হার ও হিসাবায়ন পদ্ধতি | : | (ক) ৫.৫০% সরল সুদ (পরিবর্তনযোগ্য) ;<br>(খ) কিস্তি খেলাপি/অনিয়মিত ঋণের ক্ষেত্রে : কিস্তি খেলাপের তারিখ হতে খেলাপি/অনিয়মিত সময়ের জন্য অতিরিক্ত ২% হারে সুদ আরোপ করতে হবে ;<br>(গ) মেয়াদোত্তীর্ণ ঋণের ক্ষেত্রে : মেয়াদোত্তীর্ণের তারিখ হতে ব্যাংকের নিজস্ব ঋণ কর্মসূচির মেয়াদোত্তীর্ণ ঋণের সুদ হার প্রযোজ্য হবে ;<br>(ঘ) মেয়াদবৃদ্ধি/পুন:তফসিলকৃত ঋণের ক্ষেত্রে : বর্ধিত মেয়াদ/পুন:তফসিলকৃত সময়ের জন্য ব্যাংকের নিজস্ব ঋণ কর্মসূচির নিয়মিত ঋণের সুদ হার প্রযোজ্য হবে। |
| ১৪. | ঋণ মঞ্জুরির ক্ষমতা | : | বোর্ড কর্তৃক অনুমোদিত নিজস্ব ঋণ কর্মসূচির ব্যবসায়িক ক্ষমতা অনুযায়ী। |
| ১৫. | ঋণ বিতরণ পদ্ধতি | : | মঞ্জুরিকৃত ঋণ A/C Payee/Order চেকের মাধ্যমে বিতরণ করতে হবে। |
| ১৬. | ঋণ পরিশোধ পদ্ধতি | : | প্রকল্প/প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্য ও বাজারজাতকরণ ইত্যাদি বিবেচনা করে ঋণ বিতরণ ও ঋণ পরিশোধের মেয়াদ/পরিশোধসূচি (মাসিক, ত্রৈমাসিক, এককালীন) নির্ধারণ করা যাবে। |
| ১৭. | ঋণ কর্মসূচির অধিক্ষেত্র | : | শাখার আওতাধীন এলাকা। |
| ১৮. | জামানতবিহীন ঋণসীমা | : | ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা (নিজস্ব ঋণ কর্মসূচির আওতায় জামানতবিহীন ঋণ নীতিমালার শর্ত প্রযোজ্য)। |
| ১৯. | ঋণের আবেদন | : | (ক) ব্যাংক কর্তৃক নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্রের সাথে নিজস্ব কর্মসূচির ন্যায় চেকলিস্ট অনুযায়ী অন্যান্য তথ্য সন্নিবেশ করতে হবে ;<br>(খ) প্রকল্প এলাকায় অবস্থিত শাখায় ঋণের আবেদন দাখিল করতে হবে। |
| ২০. | জামানতি সম্পত্তির দলিলাদি গ্রহণ ও মূল্য নির্ধারণ | : | (ক). ঋণের বিপরীতে উদ্যোক্তা/গ্যারান্টরের মালিকানাধীন সম্পত্তির দলিলপত্র জামানত হিসেবে গ্রহণ করতে হবে; |

চলমান পাতা-০৩

**বিষয়: সাপোর্টিং পোস্ট কোভিড-১৯ স্মল স্কেল এমপ্লয়মেন্ট ক্রিয়েশন প্রজেক্ট (SPCSSECP)-এর আওতায় ঋণ বিতরণ নীতিমালা।**

(খ) জামানতি সম্পত্তির মূল্য বাজার মূল্যে নির্ধারণ করতে হবে। সম্পত্তির মূল্য কমপক্ষে সুপারিশকৃত ঋণের ১.৫ গুণ হতে হবে। ভূমি ও অবকাঠামোর মূল্য পৃথকভাবে নির্ধারণ করতে হবে;

(গ) ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে **তদন্তকারী কর্মকর্তা** সম্পত্তির মূল্য নির্ধারণ করবেন যা শাখা ব্যবস্থাপক কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে;

(ঘ) ৩.০০ লক্ষ টাকার উর্ধ্বে ঋণের ক্ষেত্রে **তদন্তকারী কর্মকর্তা ও শাখা ব্যবস্থাপক যৌথভাবে** সম্পত্তির মূল্য নির্ধারণ করবেন।

২১. ঋণের জামানত ও চার্জ ডকুমেন্ট : (ক) ঋণগ্রহীতা ও গ্যারান্টর কর্তৃক স্বাক্ষরিত ডিপি নোট/ডবল পার্টি ডিপি নোট এবং ডিপি নোট ডেলিভারি লেটার;

(খ) ঘূর্ণায়মান ঋণের ক্ষেত্রে লেটার অব কন্টিনিউয়িটি গ্রহণ (স্ট্যাম্পবিহীন);

(গ) প্রকল্প/প্রতিষ্ঠানের সকল অস্থাবর সম্পত্তি/মালামাল ব্যাংকের নিকট হাইপোথিকেশন রাখার জন্য ঋণগ্রহীতা কর্তৃক স্বাক্ষরিত হাইপোথিকেশন ডিড;

(ঘ) ঋণগ্রহীতার সম্পত্তির মূল দলিল/দলিলপত্র জমা রাখার জন্য ঋণগ্রহীতার স্বাক্ষরিত স্মারকলিপি (প্রযোজ্য ক্ষেত্রে) ;

অথবা

তৃতীয় পক্ষের গ্যারান্টি/গ্যারান্টরের সম্পত্তির মূল দলিল/দলিলপত্র জমা রাখার জন্য তার স্বাক্ষরিত স্মারকলিপি ;

অথবা

তৃতীয় পক্ষের ব্যক্তিগত গ্যারান্টি ও গ্যারান্টরের স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে সম্পত্তির দলিল/পর্চার ফটোকপি (ব্যবস্থাপক কর্তৃক সত্যায়িত হতে হবে)।

২২. স্ট্যাম্পের মূল্যমান : বলবৎ স্ট্যাম্প এ্যাক্ট অনুযায়ী চার্জ ডকুমেন্টে স্ট্যাম্প ব্যবহৃত হবে যা স্ট্যাম্প এ্যাক্টের পরিবর্তনের সঙ্গে পরিবর্তনযোগ্য।

২৩. ঋণ আদায় পদ্ধতি : মাঠে আদায়ের ক্ষেত্রে ঋণ আদায় রশিদের মাধ্যমে এবং অফিসে আদায়ের ক্ষেত্রে ডেবিট: নগদ ভাউচারের মাধ্যমে ঋণ আদায় করতে হবে। ঋণ আদায় রশিদ বহির ক্ষেত্রে প্রথম কপি এবং ডেবিট: নগদ ভাউচারের ক্ষেত্রে দ্বিতীয় কপি ঋণ পরিশোধকারীকে প্রদান করতে হবে। ঋণ আদায় রশিদ বহির ক্ষেত্রে দ্বিতীয় ও তৃতীয় কপিতে এবং ডেবিট: নগদ ভাউচারের ক্ষেত্রে প্রথম ও তৃতীয় কপিতে ঋণ পরিশোধকারীর স্বাক্ষর গ্রহণ করতে হবে।

২৪. সেইফ ফাইল সংরক্ষণ : প্রতিটি ঋণ কেইসের জন্য সেইফ ফাইল সূচি তৈরি করে আলাদা আলাদা সেইফ ফাইল সংরক্ষণ করতে হবে। সেইফ ফাইলে ঋণ সংক্রান্ত যাবতীয় দলিলপত্র/কাগজপত্র সংরক্ষণ করতে হবে। সেইফ ফাইলগুলো ঋণ বিতরণের ক্রমানুযায়ী সেইফ ফাইল ইনডেক্সিং রেজিস্টারে এন্ট্রি দিতে হবে।

২৫. কেবিএসডিএস হিসাব খোলা : ঋণগ্রহীতাকে সংশ্লিষ্ট শাখায় কেবিএসডিএস হিসাব খোলার অনুরোধ করতে হবে।

২৬. ঋণগ্রহীতার সঞ্চয়ী আমানত হিসাব : ঋণ বিতরণের সময় বিদ্যমান নিয়মানুযায়ী সঞ্চয়ী হিসাব খুলতে হবে এবং ঋণের কিস্তির সাথে বাধ্যতামূলক সঞ্চয়ী জমার পরিমাণ সংক্রান্ত এ বিভাগের ০৬ সেপ্টেম্বর ২০১৮ তারিখের পরিপত্র নম্বর-০৪/২০১৮ যথাযথভাবে পরিপালন করতে হবে।

২৭. মেয়াদোত্তীর্ণ ঋণ : কোনো ঋণ মেয়াদ শেষে অনাদায়ী থাকলে তা মেয়াদোত্তীর্ণ খাতে স্থানান্তর করতে হবে।

২৮. ঋণ তদারকি : ঋণ বিতরণের পর থেকেই প্রতিটি প্রকল্পে নিবিড়ভাবে তদারকি নিশ্চিত করতে হবে। নিয়োজিত মাঠকর্মী তার আওতাধীন প্রকল্পসমূহ ১৫ দিন পর পর তদারকি করবেন। কোনো অনিয়ম পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে শাখা ব্যবস্থাপককে প্রতিবেদন আকারে অবহিত করবেন। শাখা ব্যবস্থাপক ব্যাংকের স্বার্থ রক্ষার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক প্রধান কার্যালয়কে অবহিত করবেন।

২৯. হিসাব সংরক্ষণ : বিতরণকৃত ঋণসমূহ পৃথক লেজারে ঋণ কেস নম্বর-০১ থেকে শুরু হবে। হিসাবের সঠিকতা নিশ্চিত করার জন্য মাসিক ভিত্তিতে ব্যালেন্সিং করতে হবে।

৩০. মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কিমের চাঁদা : মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কিম সংক্রান্ত ঋণ আদায় বিভাগের ০৪.০১.২০১৮ তারিখের অপারেশন পরিপত্র নম্বর-০১/২০১৮ অনুযায়ী মঞ্জুরিকৃত ঋণের ওপর চাঁদা গ্রহণ করতে হবে।

চলমান পাতা-০৪

**বিষয়: সাপোর্টিং পোস্ট কোভিড-১৯ স্মল স্কেল এমপ্লয়মেন্ট ক্রিয়েশন প্রজেক্ট (SPCSSECP)-এর আওতায় ঋণ বিতরণ নীতিমালা।**

৩১. **বিশেষ শর্ত** : (ক) এ কর্মসূচিতে ব্যাংক যদি কোনো ঋণগ্রহীতার অনুকূলে বিতরণকৃত ঋণের বিপরীতে বাংলাদেশ ব্যাংকের নিকট হতে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করতে না পারে সে ক্ষেত্রে ঋণটিতে এ ব্যাংকের নিজস্ব ঋণ কর্মসূচির ন্যায় সুদ আরোপ করতে হবে। ঋণ বিতরণকালে ঋণগ্রহীতার নিকট থেকে এ বিষয়ে একটি ঘোষণাপত্র গ্রহণ করতে হবে ;

(খ) এ কর্মসূচিতে ন্যূনতম ২০% ঋণ নারী উদ্যোক্তাদের অনুকূলে বিতরণ করতে হবে।

৩২. **সার্কুলার/নীতিমালার প্রাধান্য** : এ নীতিমালা বাংলাদেশ ব্যাংকের ০৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০২ এবং ১০ মার্চ ২০২২ তারিখের এসএমইএসপিডি (এসপিসিএসএসইসিপি) সার্কুলার নং-০২ অনুসরণপূর্বক প্রস্তুত করা হয়েছে। নীতিমালা প্রয়োগের ক্ষেত্রে কোনো বিষয়ে অস্পষ্টতা/ ঘাটতি পরিলক্ষিত হলে বাংলাদেশ ব্যাংকের সার্কুলার প্রাধান্য পাবে।

৩৩. (i) কুটির, মাইক্রো এবং ক্ষুদ্র শিল্প উদ্যোগকে বাংলাদেশ ব্যাংকের ০৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-২ এর ২.১ অনুযায়ী নিম্নরূপভাবে সংজ্ঞায়িত করা হলো :

| শিল্প উদ্যোগের ধরন | উপখাত | শিল্প উদ্যোগের ধরন নির্ণয়ের মানদন্ড | |
|---|---|---|---|
| | | জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে প্রতিস্থাপন ব্যয়সহ শিল্প প্রতিষ্ঠানের মোট স্থায়ী সম্পদের মূল্য | শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত/ কর্মরত জনবলের সংখ্যা |
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| কুটির | উৎপাদনশীল শিল্প | ১০ লক্ষ টাকার নিচে | পারিবারিক সদস্যসহ অন্যান্য সদস্য সমন্বয়ে গঠিত হবে তবে ১৫ জনের অধিক নয় |
| মাইক্রো | উৎপাদনশীল শিল্প | ১০ লক্ষ টাকা থেকে ৭৫ লক্ষ টাকার নিচে | ১৬ থেকে ৩০ জন বা তার চেয়ে কম |
| | সেবা শিল্প | ১০ লক্ষ টাকার নিচে | সর্বোচ্চ ১৫ জন |
| ক্ষুদ্র | উৎপাদনশীল শিল্প | ৭৫ লক্ষ টাকা থেকে ১৫ কোটি টাকার নিচে | ৩১ থেকে ১২০ জন |
| | সেবা শিল্প | ১০ লক্ষ টাকা থেকে ২ কোটি টাকার নিচে | ১৬ থেকে ৫০ জন |

(ii) এসএমইএসপিডি সার্কুলার নং-২ এর ২.২ অনুযায়ী মাইক্রো ও ক্ষুদ্র ব্যবসা উদ্যোগকে নিম্নরূপভাবে সংজ্ঞায়িত করা হলো:

| ব্যবসা উদ্যোগের ধরন | ব্যবসা প্রতিষ্ঠানের ধরন নির্ণয়ের মানদন্ড | | |
|---|---|---|---|
| | জমি এবং ভবন ব্যতিরেকে প্রতিস্থাপন ব্যয়সহ ব্যবসা প্রতিষ্ঠানের মোট স্থায়ী সম্পদের মূল্য | ব্যবসা প্রতিষ্ঠানে নিয়োজিত/কর্মরত জনবলের সংখ্যা | ব্যবসা প্রতিষ্ঠানের টার্নওভার/বার্ষিক লেনদেন এর পরিমাণ |
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| মাইক্রো | ১০ লক্ষ টাকার নিচে | সর্বোচ্চ ১৫ জন | সর্বোচ্চ ২ কোটি টাকা |
| ক্ষুদ্র | ১০ লক্ষ টাকা থেকে ২ কোটি টাকা | ১৬ থেকে ৫০ জন | ২ কোটি টাকার অধিক কিন্তু ২০ কোটি টাকার বেশি নয় |

(iii) কোনো একটি মানদন্ডের ভিত্তিতে একটি উদ্যোগ নিম্নতর ধাপের অন্তর্ভুক্ত হলেও অন্য একটি মানদন্ডে সেটি উচ্চতর ধাপের অন্তর্ভুক্ত হতে পারে। সেক্ষেত্রে, সংশ্লিষ্ট উদ্যোগটি উচ্চতর ধাপের অন্তর্ভুক্ত বলে বিবেচিত হবে।

চলমান পাতা-০৫

**বিষয়: সাপোর্টিং পোস্ট কোভিড-১৯ স্মল স্কেল এমপ্লয়মেন্ট ক্রিয়েশন প্রজেক্ট (SPCSSECP)-এর আওতায় ঋণ বিতরণ নীতিমালা।**

৩৪. উপসংহার : উপর্যুক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও পরিপালনপূর্বক ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম পরিচালনা করার ক্ষেত্রে কোনো প্রকার অস্পষ্টতা দেখা দিলে/ব্যাখ্যার প্রয়োজন হলে উপমহাব্যবস্থাপক (ঋণ ও অগ্রিম)-এর সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হলো।

(শিরীন আখতার)
ব্যবস্থাপনা পরিচালক
☎: ০২-৪১০৫০৫৭৯

সূত্র নম্বর : ৫৩.১৭.০০০০.০৯০.২২.০০৮.২৩. ৭৯৪(৩৩৫) তারিখ : ০৭ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (পরিচালন ও হিসাব/ প্রশাসন ও নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
০৪। সকল উপমহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইটি বিভাগের উপমহাব্যবস্থাপককে পরিপত্রে উল্লিখিত নির্দেশনা ব্যাংকের CBS এ অন্তর্ভুক্তি এবং কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগের উপমহাব্যবস্থাপককে এ কর্মসূচি সংশ্লিষ্ট ঋণ বিতরণ, আদায় ও অন্যান্য হিসাবায়ন পদ্ধতি (কোড নম্বরসহ) সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে পরিপত্রের মাধ্যমে অবহিত করার জন্য নির্দেশ দেয়া হলো ;
০৫। সকল উপমহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক;
০৬। সকল সহকারী মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক;
০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক;
০৮। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয় ও জনসংযোগ বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
০৯। সহকারী মহাব্যবস্থাপক, আইটি বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
১০। সকল শাখা ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক;
১১। অফিস নথি।

০৭/০২/২০২৩
(গৌতম সাহা)
মহাব্যবস্থাপক
☎: ০২-৪১০৫০৫৭৫